

মানুষের কাছে প্রার্থনা

-কামরুন নাহার*

alorkona@yahoo.com

রাস্তায় অনাহারে ধুকে ধুকে মরা মানুষগুলোকে দেখে
নিরব বেদনার কান্না ঝরে হয়তো পশুপাখির চোখে,
শুধু বিধাতার শুষ্ক চোখে নোনা জলের তরঙ্গ ওঠে না,
ক্ষুধানিবারক বড়ি নিয়ে অশরীরী ফেরেশতারা আসে না।

প্রতি বছর বন্যার জলে ভাসা বহু লাশ হয় হাঙ্গরের খাদ্য,
প্রকৃতির অত্যাচারের কাছে মানুষ খেলার পুতুল, অসহায়,
অন্ধজন খোদাকে ডেকে ডেকে কেঁদে কেঁদে আরো হয় অন্ধ,
পঙ্গুর পা গজায় না আবার কারো অলৌকিক ইশারায়।

এই সব অসহায় মানুষের এত ডাকে বিহ্বল হয়ে
অদৃশ্য স্রষ্টা সাড়া না দিয়ে থাকে আবেগহীন, নির্মোহ,
আমি তাকে বিচিত্রভাবে ডেকে মধুর কথায় ভুলিয়ে
চাই না শুধুই নিজের স্বার্থে তার বিশেষ অনুগ্রহ।

তার চেয়ে বরং বাড়িয়ে দিলাম দুহাত,
মানুষের দিকেই এ আশায়, যদি হয় চেতনার প্রভাত,
যদি দাঁড়াও অসহায় মানুষের পাশে,
আমি অভাজন মরেও রোজ সক্ষ্যাতারা হয়ে উঠব হেসে।

* কামরুন নাহার বাংলাদেশের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত
'ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ' (আইবিএস)- এ 'রাজনৈতিক
সহিংসতা' বিষয়ে গবেষণায় রত।

